দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

56

২২

তারিখ 06 AUG 1989
পৃষ্ঠা 8 কলাম 4

# কুমিল্লায় ছাত্র সংঘর্ষ ঃ দুটি কলেজ বন্ধ ঘোষণা

(নিজস্ব সংবাদদাতা)

কুমিল্লা ৫ই আগস্ট।—পরস্পর বিরোধী দুটি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের প্রেক্ষিতে আজ কুমিল্লা জেলার দুটি কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। এছাড়া কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের আবাসিক ছাত্রদের কাল রোববার সকল ৮টার মধ্যে হল ত্যাগ করতে নির্দেশ দেয়া হয়েছে।

গতকাল ভিক্টোরিয়া কলেজের নজরুল ইসলাম ছাত্রাবাসের ডাইনিং হলে জনৈক ছাত্রদল কর্মী ও শিবির কর্মীদের মধ্যে কথাকাটির এক পর্যায়ে হাতাহাতি হয়। এই ঘটনার প্রেক্ষিতে আজ ছাত্রদল ও শিবির কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। সংঘর্ষে এবাদুল ইসলাম ও আবদুর রশিদ নামে দুজন ছাত্র আহত হয়। এছাড়া কয়েকটি কক্ষের বেশ কিছু আসবাবপত্র ভাংচুর হয়।

বড়ুয়া উপজেলা সরকারী শহীদ স্মৃতি কলেজেও আজ দুই দল ছাত্রের মধ্যে সংঘর্ষে দুজন আহত হয়।

এদিকে মুরাদনগর উপজেলার কোম্পানীগঞ্জ বদিউল আলম কলেজের দুজন ছাত্রকে একটি ছিনতাই মামলার প্রেক্ষিতে পুলিশ গ্রেফতার করলে কলেজের ছাত্রদের মধ্যে তুমুল উত্তেজনা দেখা দেয়। ফলে কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করে দিয়েছেন।